

আন-নাহল | An-Nahl | النحل

আয়াতঃ ১৬ : ৫২

আরবি মূল আয়াত:

وَلَهُ مَا فِي السَّمُوتِ وَالْأَرْضِ وَلَهُ الدِّينُ وَاصِبًا ۚ أَفَغَيْرَ اللَّهِ تَتَّقُونَ

﴿ ৫২ ﴾

অনুবাদসমূহ:

আর আসমানসমূহ ও যমীনে যা আছে, তা তারই এবং সার্বক্ষণিক আনুগত্য তারই। অতএব তোমরা কি আল্লাহ ছাড়া অন্যকে ভয় করবে? — আল-বায়ান

আকাশসমূহ আর যমীনে যা কিছু আছে তা তাঁরই, আর দ্বীন সদা-সর্বদা একান্তভাবে তাঁরই জন্য। তাহলে তোমরা কি আল্লাহ ছাড়া অন্য কাউকে ভয় করবে? — তাইসিরুল

আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই; এবং নিরবচ্ছিন্ন আনুগত্য তাঁরই প্রাপ্য; তোমরা কি আল্লাহ ব্যতীত অন্যকে ভয় করবে? — মুজিবুর রহমান

And to Him belongs whatever is in the heavens and the earth, and to Him is [due] worship constantly. Then is it other than Allah that you fear? — Sahih International

৫২. আর আসমানসমূহে ও যমীনে যা কিছু আছে তা তারই এবং সার্বক্ষণিক আনুগত্য তারই প্রাপ্য। (১) তারপরও কি তোমরা আল্লাহ ছাড়া অন্য কারও তাকওয়া অবলম্বন করবে?

(১) এ আয়াতের একটি অনুবাদ উপরে উল্লেখ করা হয়েছে, যা কাতাদাহ থেকে বর্ণিত। [আত-তাফসীরুস সহীহ] কোন কোন মুফাসসির বলেন, وَاصِبًا এর অর্থ হচ্ছে, وَاجِبًا বা বাধ্যতামূলকভাবে। [ইবন কাসীর] কোন কোন মুফাসসির বলেন, وَاصِبًا এর অর্থ হচ্ছে, النَّعْبُ وَالْإِعْيَاءُ বা ক্লাস্তক্লিষ্ট। অর্থাৎ আল্লাহর আনুগত্য করেই যেতে হবে, যদিও বান্দা সেটা করতে ক্লাস্ত-ক্লিষ্ট হয়ে পড়ে। [কুরতুবী] আর যদি وَاصِبًا শব্দের অর্থ خَالصًا ধরা হয় তখন এর অর্থ হবে “আসমান ও যমীনে যা কিছু আছে সেগুলোর ইবাদত একমাত্র তাঁরই উদ্দেশ্যে”। [কুরতুবী] তখন আয়াতটির সমার্থবোধক হবে আল্লাহর বাণী: “তারা কি আল্লাহর দ্বীন ব্যতীত অন্য কিছু খুঁজে ফিরছে? অথচ আসমানসমূহে ও যমীনে যা কিছু রয়েছে সবই ইচ্ছায়-অনিচ্ছায় তারই কাছে আত্মসমর্পণ করেছে।” [সূরা আলে ইমরানঃ ৮৩] তাছাড়া আয়াতটির নির্দেশসূচক অর্থও করা যায়। অর্থাৎ তোমরা একমাত্র তাঁকেই ভয় কর এবং তারই আনুগত্য কর। যেমন অন্য আয়াতে বলা হয়েছে: “সাবধান দ্বীনকে একমাত্র আল্লাহর জন্যই খালেস করে নাও।” [সূরা আয-যুমারঃ ৩]

(৫২) আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সেসব তো তাঁরই এবং নিরবচ্ছিন্ন আনুগত্য তাঁরই প্রাপ্য;[1] তোমরা কি আল্লাহ ব্যতীত অন্যকে ভয় করবে?

[1] তাঁরই নিরবচ্ছিন্ন ইবাদত ও আনুগত্য আবশ্যকীয়। **وَاصِبٌ** এর অর্থ অবিরাম। যেমন অন্যত্র এসেছে, **وَلَهُمْ** {وَلَهُمْ} তাদের জন্য রয়েছে অবিরাম আযাব। (সাফফাত ৯) আর আয়াতের মর্মার্থ তাই, যা অন্যত্র বলা হয়েছে, **فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ، أَلَا لِلَّهِ الدِّينُ الْخَالِصُ** {فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ، أَلَا لِلَّهِ الدِّينُ الْخَالِصُ} সুতরাং আল্লাহর ইবাদত কর তাঁর আনুগত্যে বিশুদ্ধ চিত্ত হয়ে। জেনে রেখো, খাঁটি আনুগত্য আল্লাহরই প্রাপ্য। (সূরা যুমার ২-৩)

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1953>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন